

সার্বসিডিম্মারীতে

যারা ফেল

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রথমবর্ষ সন্মান পরীক্ষা এবং সার্বসিডিম্মারী পরীক্ষার ফল মাত্র কয়েকদিন আগে পরীক্ষার ৪ মাস পর প্রকাশিত হয়েছে। এ বছরের এই ফলের প্রেক্ষিতে অনেক ছাত্র-ছাত্রী শিক্ষাজীবনের সমাপ্ত ঘটবে বলে আশংকা করা হচ্ছে। কারণ, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এ বছর যে এরূপ নিয়ম করেছেন যে যদি কেউ প্রথমবর্ষ সন্মান পাস করেও সার্বসিডিম্মারী কেন্দ্রে পড়ে ফেল করে, তবে তাকে ২য় বর্ষে প্রমোশন দেয়া হবে না। অর্থাৎ কর্তৃপক্ষ প্রথমবর্ষ পরীক্ষার পর প্রথম বর্ষের ছাত্রছাত্রীদের সাময়িক প্রমোশন দিয়ে ২য় বর্ষের ক্লাস শুরুর করে দিয়েছেন এবং ছাত্র-ছাত্রীরাও যথারীতি ক্লাস করে যাচ্ছে। গত আট মাসে কোন কোন বিভাগের টিউটোরিয়াল পরীক্ষা এবং ইনকোস পরীক্ষাও শেষ হয়ে গেছে। অর্থাৎ দীর্ঘ আট মাস পর শত শত ছাত্রছাত্রী সার্বসিডিম্মারীতে অকৃতকার্য ঘোষিত হয়েছে। এখনও তাদের ২য় বর্ষে প্রমোশন দেয়া হয়নি। একজন ছাত্রের সাধারণত অনার্স (সন্মান) পাস করতে সাত-আট বছর সময় লাগে। তার পরও যদি সার্বসিডিম্মারীতে অকৃতকার্য হওয়ার জন্য এক বছর বসে থাকতে হয়, তাহলে তাদের এ ব্যয়বহুল শিক্ষাজীবন থেকে সরে দাঁড়ানো ছাড়া গত্যন্তর নেই।

উল্লেখ্য যে এর পূর্বে নিয়ম ছিল অকৃতকার্যরা সার্বসিডিম্মারী পেপারে পরের বছর পরীক্ষা দিতে পারবে। সাথে সাথে ২য় বর্ষে ক্লাস করতে থাকবে। অর্থাৎ কোন বছর বসে থাকতে হবে না। কর্তৃপক্ষ যদি ছাত্রছাত্রীদের প্রতি সহানুভূতিশীল হয়ে এ নিয়ম চালু রাখেন তাহলে অনেক গরীব ছাত্রছাত্রীর জীবন ধ্বংসের হাত থেকে রক্ষা পেতে পারে।

অতএব, কর্তৃপক্ষের কাছে আমাদের অনুরোধ সার্বসিডিম্মারীতে

জনমত

সার্বসিডিম্মারীতে অকৃতকার্য পেপারের জন্য ২য় বর্ষে প্রমোশন থেকে বঞ্চিত না করে অকৃতকার্য ছাত্র-ছাত্রীদের ২য় বর্ষে প্রমোশন দেয়া হোক।

— আবদুর রহমান জিহাদী,
জাফর, মাহমুদুল হাসান, ঢাকা
বিশ্ববিদ্যালয়, ঢাকা।